

১০৭৫
৪৫

শিক্ষার্থী সংকট

সিলেট বিভাগের ১৪টি কলেজের বিজ্ঞান বিভাগের স্বীকৃতি বাতিল হচ্ছে

সিলেট ব্যুরো

শিক্ষার্থী সংকটের কারণে সিলেট শিক্ষা বোর্ড ১৪টি কলেজের বিজ্ঞান বিভাগের স্বীকৃতি প্রত্যাহারের সিদ্ধান্ত নিতে যাচ্ছে। বোর্ডের কলেজ পরিদর্শন পাঠা থেকে কলেজগুলোতে প্রয়োজনীয় সংখ্যক ছাত্রছাত্রী ভর্তির ব্যর্থতায় কেন বিজ্ঞান বিভাগের স্বীকৃতি প্রত্যাহার করা হবে না তার লিখিত জবাব ৫ দিনের মধ্যে জানানোর নির্দেশ দেয়। এদিকে বোর্ড থেকে নোটিশ পাওয়ার পর কলেজগুলোর বিজ্ঞান বিভাগের ছাত্রছাত্রী ও অভিভাবকদের মাঝে আতঙ্ক দেখা দেয়। ইতিমধ্যেই তারা অন্য কলেজে ভর্তির জন্য নৌড়খাপ শুরু করেছেন। বিখ্যত সূত্র জানা যায়, শিক্ষা মন্ত্রণালয় ২০০৩ সালের এক স্মারকে দেশের প্রত্যেকটি কলেজের বিজ্ঞান বিভাগে ন্যূনতম ৫০ জন ছাত্রছাত্রী থাকার কথা। এর পরিপ্রেক্ষিতে বাংলাদেশ আভির্শিক্ষা বোর্ড সমন্বয় সাব কমিটির সিদ্ধান্ত

অনুযায়ী বিজ্ঞান বিভাগে ন্যূনতম ২০ জন ছাত্রছাত্রী থাকার বাধ্যবাধকতা বেধে দেয়। এমতাবস্থায় সিলেট শিক্ষা বোর্ড ১৪টি কলেজের স্বীকৃতি প্রত্যাহারের নোটিশ দেয়। কলেজগুলো ২০০৪-০৫ ও ২০০৫-০৬ শিক্ষাবর্ষে বিজ্ঞান বিভাগে ন্যূনতম ১০ জন ছাত্রছাত্রী ভর্তি করতে ব্যর্থ হয়। নোটিশ পাওয়ার পর কলেজগুলো বোর্ডে লিখিত জবাব দেয়। কলেজগুলো থেকে প্রেরিত জবাব পর্যালোচনা করে শিক্ষাবোর্ড কলেজগুলোর বিজ্ঞান বিভাগের স্বীকৃতি প্রত্যাহার করা হবে। যেসব কলেজের বিজ্ঞান বিভাগের স্বীকৃতি প্রত্যাহার করা হতে পারে সেগুলোর মধ্যে সিলেট জেলার ৬টি কলেজ, সুনামগঞ্জ জেলার ৪টি, মৌলভীবাজার জেলার ২টি এবং হবিগঞ্জের ২টি কলেজ রয়েছে। সিলেট জেলার ৬টি কলেজ হল— হাদাগঞ্জ ডিগ্রি কলেজ, মোদাগঞ্জ উপজেলার ঢাকা দক্ষিণ বাণিজ্য উচ্চ বিদ্যালয় ও কলেজ

তৈজাপুর তৈয়ব আলী কলেজ, চিকনাওলের হযরত শাহজাঙ্গনে (রহ) কলেজ, সদর উপজেলার টুকেরবাজারের শাহ খুররম কলেজ, কোম্পানীগঞ্জ উপজেলার পড়মা আনোয়ার উচ্চ বিদ্যালয় ও কলেজ। সুনামগঞ্জ জেলার ৪টি কলেজ হল— সদর উপজেলার চনতা মহাবিদ্যালয়, তাহিরপুর উপজেলার ময়নামল আবদীন মহাবিদ্যালয়, মধ্যনগর উপজেলার বাদশাগঞ্জ ডিগ্রি কলেজ, ধর্মপাণা ডিগ্রি কলেজ। মৌলভীবাজার জেলার ২টি কলেজ হল— কুলাউড়া উপজেলার ইউসুফ গনি আদর্শ কলেজ ও রাজনগর উপজেলার মাওলানা মুফাজ্জল হোসেন মহিলা কলেজ। হবিগঞ্জ জেলার ২টি কলেজ হল— মাধবপুর উপজেলার সৈয়দ মুঈন উদ্দিন ডিগ্রি কলেজ ও লালাই উপজেলার নূরুন্নাছা ডিগ্রি কলেজ। উল্লিখিত কলেজগুলো ২০০৪-০৬ শিক্ষাবর্ষে বিজ্ঞান বিভাগে ন্যূনতম ১০ জনের কম ছাত্রছাত্রী ভর্তি হয়।